গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা যুব উন্নয়ন অফিসারের কার্যালয়
গোলাপগঞ্জ, সিলেট

**উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ, সিলেট এর যুব ও ক্রীড়া উন্নয়ন কমিটির সভা**

সভার তারিখ ঃ ১৬.০৩.২০২২ খ্রিস্টাব্দ
সভার সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা
সভার স্থান ঃ উপজেলা ভাইস চেয়াম্যানের কার্যালয়, গোলাপগঞ্জ, সিলেট।

| ক্রমিক নং | উপস্থিত সদস্যের নাম | পদবী | কমিটি পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | জনাব মনসুর আহমদ | ভাইস চেয়ারম্যান | সভাপতি | স্বাক্ষরীত |
| ২ | জনাব মোঃ জাহিদ হোসেন | চেয়ারম্যান বাদেপাশা ইউপি | সদস্য | স্বাক্ষরীত |
| ৩ | জনাব শামীম আহমদ | চেয়ারম্যান ভাদেশ্বর ইউপি | সদস্য | স্বাক্ষরীত |
| ৪ | জনাব আর্জমন্দ আলী | বাঘা,গোলাপগঞ্জ,সিলেট | সদস্য | স্বাক্ষরীত |
| ৫ | জনাব মোঃ আব্দুল আহাদ | উপজেলা যুব উন্নয়ন অফিসার | সদস্য সচিব | স্বাক্ষরীত |

অদ্য উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ, সিলেট এর **যুব ও ক্রীড়া উন্নয়ন** কমিটির সভায় সভাপতিত্ব করেন জনাব মনসুর আহমদ, উপজেলা ভাইস চেয়াম্যান গোলাপগঞ্জ, সিলেট। সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে কমিটির সদস্য সচিব ও উপজেলা যুব উন্নয়ন অফিসার জনাব মোঃ আব্দুল আহাদ কে সভার কার্যক্রম আরম্ভ করার জন্য অনুরোধ জানান।

**সভায় আলোচনা ও সিদ্ধান্ত নিম্ন লিখিত।**

**আলোচনা নং- ০১ ঃ বিগত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন ঃ** সভার শুরুতেই বিগত সভার কার্যবিবরনী পাঠ করে শুনানো হয়। বিস্তারিত আলোচনার পর কোন প্রকার সংশোধনী/পরিবর্তন ছাড়াই তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

**আলোচনা নং- ০২ ঃ উপজেলা পরিষদের মাসিক সভায় উপস্থাপনের নিমিত্তে প্রস্তাব প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্তগ্রহণ।**

সভায় উপজেলা পরিষদের মাসিক সভায় উপস্থাপনের নিমিত্তে বিভিন্ন প্রস্তাব নিয়ে আলোচনা হয়। সভায় আলোচনা কালে কমিটির সদস্য সচিব ও উপজেলা যুব উন্নয়ন অফিসার জানান যে, তাঁর দপ্তরের আওতায় প্রতি অর্থ বছরে মাঠ পর্যায়ে ১৪ থেকে ১৬ ব্যাচ অপ্রাতিষ্ঠানিক যুব প্রশিক্ষন বাস্তবায়ন করা হয়। এসব প্রশিক্ষন বাস্তবায়নের ক্ষেত্রে কিছু স্থায়ী প্রশিক্ষন সামগ্রী প্রয়োজন হয়। বাজেট বরাদ্দ না থাকায় এসব মালামাল ক্রয় করা যাচ্ছে না। যেমন-সেলাই মেশিন ,অনুসাঙ্গিক উপকরন যন্ত্রপাতি , ব্লকবাটিক প্রশিক্ষন ,ইলেকট্রনিক হাউজ ওয়ারিং যন্ত্রপাতি উপকরন জরুরী প্রয়োজন। এ ব্যাপারে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং বরাদ্দ প্রদানের জন্য পরবর্তী উপজেলা সমন্বয় সভায় উপস্থাপন ও আলোচনার জন্য উপজেলা যুব উন্নয়ন অফিসারকে অনুরোধ করা হয়।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মনসুর আহমদ)
সভাপতি
যুব ও ক্রীড়া উন্নয়ন কমিটি
ভাইস চেয়ারম্যান,
উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ, সিলেট।

০১। সেলাই শিক্ষা/পোষাক তৈরী /ইলেকট্রিক হাউজ ওয়ারিং/ব্লকবাটিক বিষয়ক প্রশিক্ষণের স্থায়ী মালালার ক্রয়ের ব্যয় ও বাজেট

| ক্রঃ নং | ব্যয়ের খাত | ব্যয়ের পরিমান | |
|---|---|---|---|
| | | পরিমান | মোট |
| ০১ | সেলাই মেশিন | ০৬ (ছয়)টি | ৪৮,০০০/- |
| ০২ | সেলাই প্রশিক্ষন উপকরন | -------------- | ২০,০০০/- |
| ০৩ | ইলেকট্রিক যন্ত্রপাতি উপকরন | -------------- | ২৫,০০০/- |
| ০৪ | ব্লকবাটি সরঞ্জামাদী উপকরন | -------------- | ১০,০০০/- |
| | | সর্ব মোট= | ১০৩০০০/- |

স্মারকনং ৩৪.০১.৯১৩৮.০০০.০৬.০১৫.১৮. ৪৬৬ তারিখঃ১৬/০৩/২০২২খ্রিঃ

অনুলিপিঃসদয়অবগতি ও প্রয়োজনীয়কাযার্থে প্রেরণকরা হলোঃ

০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ, সিলেট।

০২। উপজেলা নির্বাহী অফিসার, গোলাপগঞ্জ, সিলেট।

০৩। ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ,গোলাপগঞ্জ, সিলেট।

০৪। উপজেলা.......................অফিসার (সংশ্লিষ্ট),গোলাপগঞ্জ, সিলেট।

০৫। চেয়ারম্যান, ...................ইউপি(সংশ্লিষ্ট),গোলাপগঞ্জ, সিলেট।

০৬। অফিস কপি।

(মোঃ আব্দুল আহাদ)
উপজেলা যুব উন্নয়ন অফিসার
গোলাপগঞ্জ, সিলেট।